

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নম্বর ১৪

আষাঢ় ৩০, ১৪৩১
তারিখ : -----
জুলাই ১৪, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে রপ্তানি ভর্তুকী প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং-২৩, তারিখ: নভেম্বর ২২, ২০০৯-এর অনুলেখ ৪(ক) এবং এফই সার্কুলার নং-০৫, তারিখ: মে ০৪, ২০১১-এর ক্রমিক (ক)-এর প্রতি মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

২। এফই সার্কুলার নং-০৫, তারিখ: মে ০৪, ২০১১-এর (ক) ক্রমিকে সম্পূর্ণ বা আংশিক মূল্য অগ্রিম প্রত্যাবাসন ব্যবস্থায় রপ্তানির বিপরীতে নগদ সহায়তার আবেদনের ক্ষেত্রে অন্যান্য এসোসিয়েশনের পাশাপাশি বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)-এর প্রত্যয়ন সনদ ইস্যুর নির্দেশনা রয়েছে। সরকারি সিদ্ধান্তক্রমে এ মর্মে জানানো যাচ্ছে যে, অগ্রিম মূল্য প্রত্যাবাসন ব্যবস্থা ছাড়াও বিদ্যমান অন্যান্য পদ্ধতিতে রপ্তানিমূল্য প্রত্যাবাসন ব্যবস্থায় ফিনিশড লেদার রপ্তানির বিপরীতে প্রাপ্য নগদ সহায়তার আবেদনের সাথে বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ) কর্তৃক কেবল তাদের সদস্যদের অনুকূলে ইস্যুকৃত প্রত্যয়ন সনদ দাখিলযোগ্য হবে।

৩। সার্কুলার জারির তারিখ থেকে এ নির্দেশনা কার্যকর হবে।

আলোচ্য খাতে নগদ সহায়তার বিষয়ে অন্যান্য এসোসিয়েশন কর্তৃক প্রত্যয়ন সনদ ইস্যুর বিষয়ে জ্ঞাপিত নির্দেশনাসহ সংশ্লিষ্ট অন্যান্য সার্কুলারের নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য নির্দেশনা দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,

Farida

(মোঃ সরোয়ার হোসেন)

পরিচালক (এফইপিডি)

ফোন: ৯৫৩০১২৩